নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি।
সুটিপাড়া, নীলফামারী।

নম্বর ২৭.১২.৭৩৬৪.৫৫৪.০২.০০৮.২২.৯৪৫

তারিখ: ১৬ ফাল্গুন ১৪২৮
০১ মার্চ ২০২২

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: **“আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি”**

নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতিতে নিম্নবর্ণিত শূণ্য পদ পূরণের লক্ষ্যে পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৫৮. ০০৪.২২.৩৮৮৬, তারিখঃ-১৬/০২/২০২২ খ্রিঃ অনুযায়ী আন্তঃপবিস নিয়োগের পূর্বানুমোদনের প্রেক্ষিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগের নিমিত্তে সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত আগ্রহী সহকারী ক্যাশিয়ার, কম্পিউটার অপারেটর ও বিলিং সহকারী পদে কর্মরত প্রার্থীগণের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃনং	পদের নাম	পদের সংখ্যা	প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	ক্যাশিয়ার	০২ (দুই) টি	ক) প্রার্থীকে নূন্যতম ০৭ (সাত) বৎসর নিয়মিত হিসেবে সহকারী ক্যাশিয়ার পদে কাজের অভিজ্ঞতা থাকবে হবে । খ) এস.এস.সি/সমমান এবং এইচ.এস.সি/সমমান উভয় পরীক্ষায় ২য় বিভাগ অথবা জিপিএ ৫.০০ এর মধ্যে ৩.০০ থাকতে হবে । গ) কম্পিউটার পরিচালনায় পারদর্শী হতে হবে । ঘ) প্রতি মিনিটে ন্যূনতম ৩০(ত্রিশ) টি ইংরেজীতে ও ১০(চল্লিশ) টি বাংলা শব্দ শ্রুতি লিখনের দক্ষতা থাকতে হবে। ঙ) চাকুরীতে যোগদানের সময় ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করতে হবে। যা পরবর্তীতে সন্তোষজনকভাবে চাকুরী সমাপ্তিতে সুদসহ ফেরত প্রদান করা হবে। চ) সাধারণ জনগণের সাথে সৌজন্যমূলক ও প্রফুল্ল আচরণের অধিকারী হতে হবে। ছ) নূন্যতম গ্রহণযোগ্য পারিবারিক আর্থিক স্বচ্ছলতা ও পারিবারিক ঐতিহ্য ভালো থাকতে হবে। জ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় সকল প্রশিক্ষণে উত্তীর্ণ হতে হবে । ঝ) সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং নূন্যতম ৩.৫০ থাকতে হবে ।

০২	**বিলিং সুপারভাইজার**	০১ (এক) টি	ক) প্রার্থীকে নূন্যতম ০৭ (সাত) বৎসর নিয়মিত হিসেবে বিলিং সহকারী পদে কাজের অভিজ্ঞতা থাকবে হবে । খ) সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী নির্ধারিত প্রশিক্ষণ কোর্সে কৃতকার্য হতে হবে । গ) বিলিং কম্পিউটার, সার্ভার এবং অন্যান্য যন্ত্রপাতি পরিচালনার ক্ষেত্রে প্রার্থীর প্রয়োজনীয় সামর্থ থাকতে হবে এবং প্রতি মিনিটে বাংলা ও ইংরেজীতে যথাক্রমে ১০(দশ) ও ৩০(ত্রিশ) শব্দ টাইপ করার সক্ষমতা থাকতে হবে। ঘ) সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং নূন্যতম ৩.৫০ থাকতে হবে ।
০৩	**অফিস সেক্রেটারী**	০১ (এক) টি	ক) কম্পিউটার অপারেটর পদে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। খ) প্রতি মিনিটে ইংরেজী ৬০ ও বাংলায় ৪০ শব্দ নির্দেশ (ডিক্টেশন) গ্রহণে সক্ষম হতে হবে। গ) প্রতি মিনিটে ইংরেজী ৩৫ অথবা বাংলায় ৩০ শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে। ঘ) বাংলা ও ইংরেজী ব্যাকরণসহ বানান, বিরামচিহ্ন ব্যবহার ও বাক্য গঠনে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। ঙ) দাপ্তরিক চিঠিপত্র, প্রতিবেদন ইত্যাদি নথিভূক্ত করণে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। চ) সর্বসাধারণের সাথে নম্র ও হাসি-খুশিভাবে মেশার সামর্থ থাকতে হবে। ছ) পবিস কর্মচারী চাকুরী বিধি অনুযায়ী চাকুরীকাল পরিচ্ছন্ন ও সুনামের সাথে অতিবাহিত হতে হবে। জ) কম্পিউটার উইন্ডোজ অপারেটিং সিস্টেমে সম্পর্কিত জ্ঞান থাকতে হবে। ঝ) সর্বশেষে ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং নূন্যতম ৩.৫০ থাকতে হবে ।

০১। **আবেদন করার পদ্ধতিঃ**

উল্লেখিত পদে পদোন্নতির যোগ্যতা সম্পন্ন আগ্রহী প্রার্থীদের স্ব-হস্তে লিখিত আবেদনপত্রে (ক) নিজের নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ (ঠ) চাকুরীতে নিয়মিতকরনের তারিখ উল্লেখ পূর্বক আবেদনপত্রসহ **আগামী ১৫/০৩/২০২২ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার** সকাল ১০:০০ ঘটিকায় সহকারী ক্যাশিয়ার, একই তারিখ দুপুর ১২:০০ ঘটিকায় বিলিং সহকারী এবং একই তারিখ বিকাল ৩:০০ ঘটিকার সময় কম্পিউটার অপারেটরগণকে নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, সুটিপাড়া, নীলফামারীতে স্ব-শরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।

০২। আবেদনপত্রের সাথে নিম্নে বর্ণিত কাগজপত্র এজিএম(প্রশাসন/ এইচআর) কর্তৃক সত্যায়িত পূর্বক সংযুক্ত করতে হবেঃ

(ক) বর্তমার পদে যোগদান ও নিয়মিতকরণ পত্রের সত্যায়িত কপি।

(খ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রযোজ্য প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণ পত্রের ফটোকপি।

(গ) বিগত ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের সত্যায়িত ফটোকপি।

(ঘ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

(ঙ) ইউনিয়ন পরিষদ/ পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি।

(চ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি।

(ছ) সদ্য তোলা ০৩ (তিন) কপি রঙ্গিন পার্সপোর্ট সাইজের সত্যায়িত ছবি।

(ঝ) আবেদনকারীকে পদোন্নতির জন্য কর্মরত পবিসের সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক সুস্পষ্ট সুপারিশ ও বিনা আপত্তির সনদ পত্র, বিগত সর্বশেষ ০৫ (পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে) শাস্তি যদি না থাকে তাহলে তা উল্লেখ পূর্বক এবং তার বিরুদ্ধে কোন বিভাগীয় তদন্ত প্রক্রিয়াধীন নেই এবং ফৌজদারী মামলা চলমান নেই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

০৩। পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত প্রার্থীকে বিবেচনা করা হবে নাঃ

(ক) সর্বশেষ ০৩ (তিন) বছরের মধ্যে কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(খ) সর্বশেষ ০১ (এক) বছরের মধ্যে কোনরূপ লঘু দন্ড প্রাপ্ত হয়েছেন;

(গ) বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে একাধিক গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(ঘ) বিগত ০৪ (চার) বছরের মধ্যে একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(ঙ) বিগত ৩ বছরের মধ্যে একের অধিক বার লুঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(চ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত / ঘোষিত হয়েছে।

০৪। পদোন্নতির ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালার সকল শর্তাদি প্রযোজ্য হবেঃ

(ক) সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪ এর সংশ্লিষ্ট পদের “ পদ বিবরণী” তে উল্লেখিত সকল শর্তাদি পূরণ করতে হবে ।

(খ) পদোন্নতির বিষয়ে সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-২৪ এ উল্লেখিত বিধান/শর্তাদি পূরণ করতে হবে ।

(গ) নীলফামারী পবিসের কর্মচারী চাকুরী বিধি-১৯৯২, সংশোধিত-২০১২ এর ধারা ৭, ১৪ এবং ১৬ প্রতিপালন করা হবে।

০৫। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য “চলতি দায়িত্বে” নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্বে থাকাকালীণ সময়ে কর্মমূল্যায়ন সন্তোষজনক ও সংশোধিত পবিস নির্দেশিকা অনুযায়ী অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে স্ব-পদে চাকুরীতে নিয়মিত করা হবে। অন্যথায় সংশ্লিষ্ট পদে দক্ষতার মান উন্নয়নের জন্য চলতি দায়িত্বের মেয়াদ অনধিক সর্বোচ্চ ০৬ (ছয়) মাস বৃদ্ধি অথবা পূর্ববর্তী পদে প্রত্যাবর্তন করা হবে।

০৬। পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী বেতন ভাতাদি ও অন্যান্য আর্থিক সুবিধা সংরক্ষণ করা হবে ।

০৭। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়। তবে অত্র পবিসের ভৌগলিক এলাকার (নীলফামারী সদর, ডোমার, ডিমলা, জলঢাকা ও কিশোরগঞ্জ)এর স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই ।

০৮। নীলফামারী পবিসে কর্মরত কোন কর্মকর্তা/ কর্মচারী বা এলাকা পরিচালক/ মহিলা পরিচালকগণের স্বামী/ স্ত্রীর রক্ত সম্পর্কীয় কোন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।

০৯। কোন প্রার্থী তথ্য গোপন করে বর্ণিত পদে পদোন্নতি প্রাপ্ত হওয়ার পর পরবর্তীতে তা প্রমাণিত হলে তার বিরুদ্ধে পবিস কর্মচারী চাকুরী বিধির আলোকে যথাযথ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। নির্বাচনী সাক্ষাতকারে অংশ গ্রহণের জন্য কোন প্রার্থীকে টিএ/ডিএ প্রদান করা হবে না ।

১১। কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন আবেদন গ্রহণ/বাতিল অথবা এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত ।

১২। শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে ।

২-৩-২০২২
মো: সুলতান নাছিমুল হক
জেনারেল ম্যানেজার
ফোন: ০৫৫১৬১৬৪১
ইমেইল: nilpbs@gmail.com

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

২) পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর , বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

৩) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উত্তর অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড(বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধসহ)।

৫) সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার, সকল পবিস।(বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ)।

৬) ডিজিএম (কিশোরগঞ্জ/ ডোমার/ সদর-কারিগরী / জলঢাকা জোনাল অফিস), নীলফামারী পবিস।

৭) এজিএম (প্রশাসন/এমএস/ইএন্ডসি/ওএন্ডএম /অর্থ) , নীলফামারী পবিস।

৮) এজিএম (আইটি) , (পবিসের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা নিন)।

৯) নোটিশ বোর্ড , নীলফামারী পবিস।